15

দৈনিক সংবাদ

তারিখ 16 APR 1989
পৃষ্ঠা 1 কলাম 4

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

### অধ্যক্ষকে মারধর, ভাঙচুর

## রংপুর মেডিক্যাল কলেজ বন্ধ ঘোষণা

রংপুর, ১৩ই এপ্রিল (জেলা বার্তা পরিবেশকের ফোন)। আজ থেকে রংপুর মেডিক্যাল কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে।

আজ সকালে একদল ছাত্র কলেজের অধ্যক্ষের কক্ষ ভাঙচুর করে এবং অধ্যক্ষকে মারধর করে তাকে দিয়ে জোরপূর্বক পদত্যাগপত্র লিখিয়ে নেয়। এই

(৭-এর পাতায় দেখুন)

### রংপুর মেডিক্যাল কলেজ

(১ম পাতার পর)

ঘটনার পর একাডেমিক কাউন্সিলের জরুরী সভায় কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়। ছাত্রদেরকে আজ দুপুরের মধ্যে হল ত্যাগের নির্দেশ দেয়া হলেও কেউ হল ত্যাগ না করায় এই সময়সীমা আগামীকাল সকাল ১০টা পর্যন্ত বাড়িয়ে দেয়া হয়।

ছাত্ররা অভিযোগ করে যে, ছাত্রাবাসগুলোতে পানি সরবরাহের দাবীতে কিছু দিন থেকে অধ্যক্ষকে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়ার অনুরোধ জানানো সত্ত্বেও তিনি নীরব ভূমিকা পালন করেন আজ তৃতীয় বর্ষের ৭ জন ছাত্রকে অন্যায়ভাবে পরীক্ষায় অংশগ্রহণ করতে না দেয়ায় ছাত্ররা অধ্যক্ষের কাছে প্রতিবাদ জানায়। এ সময় অধ্যক্ষ তাদের সঙ্গে খারাপ ব্যবহার করেন। ফলে অধ্যক্ষের কক্ষে অপ্রীতিকর ঘটনা ঘটে।

কলেজের একজন অধ্যাপক জানান, ঘটনার সূত্রপাত—যে কারণেই হোক অধ্যক্ষকে মারধর করা ও জোরপূর্বক পদত্যাগপত্র লিখিয়ে নেয়া অন্যায়। এ কারণেই একাডেমিক কাউন্সিলের সভায় কলেজ বন্ধ ঘোষণা করা হয় বলে তিনি জানান।